দর্শনায় বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা

দর্শনায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার উদ্যোগে অঙ্গ সংগঠন বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে দর্শনা রেলওয়ে স্টেশন সংলগ্ন ইয়ার্ডে সংগঠনের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মোঃ আমিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেনম, বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সভাপতি ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ আখতারুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার প্রধান উপদেষ্টা মোঃ রুহুল আমিন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার সভাপতি মোঃ কাইয়ুম উদ্দিন হিরক, জামায়াতের জীবননগর থানা আমীর মাওলানা মোঃ সাজেদুর রহমান, জামায়াতের জীবননগর থানা সেক্রেটারী মোঃ মাহফুজুর রহমান, থানা সভাপতি শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মোঃ বিল্লাল হোসেন, সেক্রেটারী মোহাম্মদ আজিজুর রহমান থানা, মোহাম্মদ আমজাদ হোসেন সভাপতি দর্শনা পৌর শাখা, দর্শনা পৌর আমীর সাহিকুল ইসলাম অপু ও পৌর সেক্রেটারি মোঃ শাহরিয়ার হোসেন দবির প্রমুখ।

প্রধান অতিথি জনাব মোঃ আখতারুজ্জামান তার বক্তব্যে বিগত সরকারের আমলে রেলওয়েতে ব্যাপক দূর্নীতি ও লুটপাটের ইতিহাস তুলে ধরে আগামীতে রেলওয়েকে লাভজনক প্রতিষ্ঠান ও শ্রমিকদের স্বার্থ রক্ষায় সকলকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান।

জামায়াতের জেলা আমীর ও সংগঠনের উপদেষ্টা মোঃ রুহুল আমিন বলেন-ইসলাম শ্রমিকের সবচেয়ে বেশী মর্যাদা দিয়েছে। আমাদের রাসুল (সা.) শ্রমিকের গায়ের ঘাম শুকাবার আগেই তার ন্যায্য প্রাপ্য বুঝিয়ে দিতে বলেছেন। আগামী দিনে ইসলামকে রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে পারলে সমাজের সকল বৈষম্যের অবসান হবে। এজন্য সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।